ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬৭১
খোয়াই, ১৪ মে, ২০২৫

**স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ)**

**চলতি অর্থবর্ষে খোয়াই জেলায় ৩,৫৭৭টি পরিবারকে শৌচালয় নির্মাণ করে দেওয়া হবে**

স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ) প্রকল্পে চলতি অর্থবর্ষে খোয়াই জেলার অন্তর্গত ৬টি ব্লক এলাকার ৩,৫৭৭টি পরিবারকে শৌচালয় নির্মাণ করে দেওয়া হবে। এরমধ্যে তেলিয়ামুড়া ব্লক এলাকায় ৫৯৭টি পরিবার, মুঙ্গিয়াকামী ব্লক ও কল্যাণপুর ব্লক এলাকায় ১ হাজার ১৯২টি পরিবার, খোয়াই ব্লক এলাকায় ৫৯৬টি পরিবার, তুলাশিখর ব্লকে ৫৯৬টি ও পদ্মবিল ব্লক এলাকায় ৫৯৬টি পরিবারকে শৌচালয় তৈরী করে দেওয়া হবে। প্রতিটি শৌচালয় নির্মাণে ১২ হাজার টাকা করে ব্যয় হবে। জেলা প্রশাসন কার্যালয়ের স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ) এর নির্বাহী বাস্তুকার জীবেশ দেববর্মা এই সংবাদ জানান।

*****